22/8/2007

তারিখ ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ......

দৈনিক ইনকিলাব

# জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসির দুর্নীতি অনিয়ম ফাঁস করায় ইনকিলাবের বিরুদ্ধে ভিসি অনুগতদের বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি দুর্গাদাস ভট্টাচার্যের নানা অনিয়ম ও দুর্নীতি সম্পর্কে খবর প্রকাশ করায় গতকাল (মঙ্গলবার) ভিসি দুর্গাদাসের প্ররোচনায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কতিপয় কর্মকর্তা-কর্মচারী এবং কয়েকজন দিনমজুরকে দিয়ে দৈনিক ইনকিলাবের বিরুদ্ধে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করানো হয়েছে। দুপুরে গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত এই বিক্ষোভ সমাবেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রায় ৮শ' কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ভিসির দালাল হিসাবে খ্যাত মাত্র ৩১ জন কর্মকর্তা-কর্মচারী এবং ৭ জন ভাড়াটে দিনমজুর অংশগ্রহণ করে। অফিসের কাজ ফেলে তারা ইনকিলাবের বিরুদ্ধে নানা শ্লোগান দেয় এবং তত্ত্বাবধায়ক সরকারের নির্দেশে কলেজ গভর্নিংবডি থেকে রাজনৈতিক ব্যক্তিদের বাদ না দেয়ার জন্য আহবান জানায়।

উল্লেখ্য, ইনকিলাবের বিরুদ্ধে 'বিশাল' বিক্ষোভ প্রদর্শনের জন্য ভিসি দুর্গাদাস বেশ কয়েক দিন যাবৎ তার ধানমণ্ডি কার্যালয়ে গভীর রাত পর্যন্ত কয়েক দফা বৈঠক করার পরও গতকালের কর্মসূচীতে মাত্র ৩৭ জন উপস্থিত হওয়ায় তিনি প্রচণ্ড ক্ষুব্ধ ও হতাশ।